# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৫৩

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৩. পশ্চাদ্দার দিয়ে মহিলাদের নিকট গমণ করা

## بَاب إِتْيَانِ النِّسَاءِ فِي أَدْبَارِهِنَّ

---

আরবী

أَخْبَرَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا وُهَيْبٌ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُثْمَانَ بْنِ خُثَيْمٍ عَنْ ابْنِ سَابِطٍ قَالَ سَأَلْتُ حَفْصَةَ بِنْتَ عَبْدِ الرَّحْمَنِ هُوَ ابْنُ أَبِي بَكْرٍ قُلْتُ لَهَا إِنِّي أُرِيدُ أَنْ أَسْأَلَكِ عَنْ شَيْءٍ وَأَنَا أَسْتَحْيِي أَنْ أَسْأَلَكِ عَنْهُ قَالَتْ سَلْ يَا ابْنَ أَخِي عَمَّا بَدَا لَكَ قَالَ أَسْأَلُكِ عَنْ إِتْيَانِ النِّسَاءِ فِي أَدْبَارِهِنَّ فَقَالَتْ حَدَّثَتْنِي أُمُّ سَلَمَةَ قَالَتْ كَانَتْ الْأَنْصَارُ لَا تُجَبِّي وَكَانَتْ الْمُهَاجِرُونَ تُجَبِّي فَتَزَوَّجَ رَجُلٌ مِنْ الْمُهَاجِرِينَ امْرَأَةً مِنْ الْأَنْصَارِ فَجَبَّاهَا فَأَبَتْ الْأَنْصَارِيَّةُ فَأَتَتْ أُمَّ سَلَمَةَ فَذَكَرَتْ ذَلِكَ لَهَا فَلَمَّا أَنْ جَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْتَحْيَتْ الْأَنْصَارِيَّةُ وَخَرَجَتْ فَذَكَرَتْ ذَلِكَ أُمُّ سَلَمَةَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ ادْعُوهَا لِي فَدُعِيَتْ لَهُ فَقَالَ لَهَا نِسَاؤُكُمْ حَرْثٌ لَكُمْ فَأْتُوا حَرْثَكُمْ أَنَّى شِئْتُمْ سِمَامًا وَاحِدًا وَالسِّمَامُ السَّبِيلُ الْوَاحِدُ

বাংলা

১১৫৩. ইবনু সাবিত হতে বর্ণিত, তিনি বলেন, আমি হাফসাহ বিনতে আব্দুর রহমান ইবনু আবী বাকরকে প্রশ্ন করলাম। তাকে বললাম, আমি আপনাকে একটি বিষয়ে জিজ্ঞেস করতে চাচ্ছি। কিন্তু জিজ্ঞেস করতে লজ্জা পাচ্ছি।

তিনি বললেন: হে ভাতিজা! তোমার যা মনে চায় জিজ্ঞেস করতে পারো।

তিনি (ইবনু সাবিত) বলেন, আমি আপনাকে পশ্চাদ্দার দিয়ে মহিলাদের নিকট গমণ করার বিষয়ে জিজ্ঞেস করতে চাচ্ছি?

তখন তিনি বলেন, উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা আমার নিকট হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেছেন, আনসারগণ (তাদের স্ত্রীদের নিকট গমণ করার সময় তাদেরকে) উপুড় করতেন না। কিন্তু মুহাজিরগণ উপুড় (করে গমণ) করতেন। একজন মুহাজির এক আনসার মহিলাকে বিবাহ করলেন। তখন তিনি (তার স্ত্রীকে) উপুড়

করতে চাইলেন, কিন্তু তার স্ত্রী তা অস্বীকার করলো এবং সে বের হয়ে গেলো। তখন উম্মু সালামাহ এঘটনাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট উল্লেখ করলে তিনি বললেন: “মহিলাকে আমার নিকট ডেকে নিয়ে এসো।” তাকে ডেকে আনা হলে তিনি তাকে বললেন: “তোমাদের স্ত্রীগণ তোমাদের জন্য ক্ষেতস্বরূপ; অতএব তোমরা যেভাবেই ইচ্ছা গমণ কর।” (সুরা বাকারা: ২২৩) (তবে গমণের জন্য) পথ একটিই।” আর ’الصمام’হলো একটিই পথ।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ৬/৩০৫, ৩১০, ৩১৮-৩১৯; তাবারী, আত তাফসীর ২/৯২, ৩৯৬; তিরমিযী ২৯৮৩, তিনি বলেন: হাদীসটি হাসান সহীহ; ইবনু আবী শাইবা ৪/২৩০-২৩১; বাইহাকী ৭/১৯৫; আব্দুর রাযযাক নং ২০৯৫৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81436

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন